



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd



নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০৩৩.২২- ০৪

তারিখ: ০৫/০১/২০২২খ্রি.

বিষয়ঃ জাতীয় মৎস্য পদক, ২০২২খ্রি. এর প্রার্থী মনোনয়ন প্রস্তাব আহ্বান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর জাতীয় মৎস্য পদক প্রদান করা হয়ে থাকে। মৎস্য সম্পদ উন্নয়নে জাতীয় মৎস্য পদক প্রদান সরকার অনুমোদিত সর্বশেষ 'জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০১৯ (২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত)' অনুসারে পরিচালিত হচ্ছে। জাতীয় মৎস্য পদক, ২০২২ এর প্রার্থী মনোনয়ন প্রদানের ক্ষেত্রে পঞ্জিকা বর্ষ ২০২১খ্রি. (জানুয়ারি-ডিসেম্বর) ভিত্তি বছর হিসেবে বিবেচ্য হবে। উল্লেখ্য, প্রার্থীর জন্য প্রয়োজ্য ও নির্ধারিত মনোনয়ন ফরমে প্রদত্ত তথ্যাদি যাচাই-বাছাই করে উপজেলা কমিটি কর্তৃক অনুমোদনপূর্বক জেলা কমিটিতে প্রেরণ করতে হবে। জেলা কমিটি সুপারিশসহ প্রার্থী মনোনয়ন তালিকা মৎস্য অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন। আরও উল্লেখ্য থাকে যে, নীতিমালায় উল্লিখিত উপজেলা/জেলা/পার্বত্য জেলার জন্য গঠিত কমিটিসমূহ প্রার্থী নির্বাচনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। কোন উপজেলা/জেলা/বিভাগ হতে যোগ্য প্রার্থী নেই মর্মে কোন পত্র গ্রহণযোগ্য হবে না। উল্লিখিত নীতিমালা এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। এছাড়াও এ সকল তথ্যাদি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইট www.fisheries.gov.bd এ পাওয়া যাবে।

এমতাবস্থায়, জাতীয় মৎস্য পদক, ২০২২ এর প্রার্থী মনোনয়ন প্রস্তাব সফটকপি (ইমেইল: cfeo@fisheries.gov.bd, sudipto.i.r.08@gmail.com) ও হার্ডকপিতে আগামী ০৩/০৩/২০২২খ্রি. তারিখের মধ্যে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

১. 'জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০১৯ (২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত)'-৩৩ (তেরিশ) প্রস্থ।

(খঃ মাহবুবুল হক)

মহাপরিচালক (চ. দা.)

ফোনঃ ০২-২২৩৩৮২৮৬১

ইমেইল: dg@fisheries.gov.bd

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ (এতদসংগে সংযুক্ত নীতিমালার আলোকে প্রার্থী মনোনয়নের ০৯ টি ক্ষেত্রের জন্য নির্ধারিত আবেদন ফরম মোতাবেক জেলা মৎস্য কর্মকর্তাগণ কর্তৃক মনোনয়ন প্রস্তাব প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
২. জেলা মৎস্য কর্মকর্তা,..... ও সদস্য সচিব, জাতীয় মৎস্য পদক সম্পর্কিত জেলা কমিটি (অধিনস্থ সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থী মনোনয়নের নির্ধারিত আবেদন ফরম ও নীতিমালার আলোকে প্রস্তাব প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।

নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০৩৩.২২-০৪

তারিখ- ০৫/০১/২০২২খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি ও সভাপতি জাতীয় মৎস্য পদক সম্পর্কিত জেলা কমিটি (পার্বত্য জেলা)।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।

৪. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. ডীন/ বিভাগীয় প্রধান/ চেয়ারম্যান, মাৎস্যবিজ্ঞান অনুষদ/ মৎস্যবিজ্ঞান বিভাগ/ মৎস্যবিজ্ঞান ও মেরিন সাইন্স/ মৎস্যবিজ্ঞান ও অ্যাকুয়াকালচার/ ওশেনোগ্রাফি বিভাগ/ ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজি ডিসিপ্লিন/ ফিশারিজ এন্ড মেরিন বায়োসাইন্স বিভাগ; বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়/ ঢাকা বিশ্ববিদ্যালয়/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়/ খুলনা বিশ্ববিদ্যালয়/ রাজশাহী বিশ্ববিদ্যালয়/ সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়/ হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এ্যানিমেল সাইন্স বিশ্ববিদ্যালয়/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/ বঙ্গামাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/.....।
৬. জেলা প্রশাসক (সকল)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. উপজেলা চেয়ারম্যান (সকল)।
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১০. সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)।
১২. দপ্তর নথি।

Md. Moinul Hossain
04/02/2022

(ড. মোঃ খালেদ কনক)

উপপরিচালক (মৎস্যচাষ)

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

ফোনঃ ০২-২২৩৩৮১৫৯২

ই-মেইল: ddaqua@fisheries.gov.bd

Moinul